গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
www.acl.sadar.jhenaidah.gov.bd

স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২৪- ১৫০(১০০) তারিখঃ- ১৭/০১/২০২৪ খ্রিঃ।

নোটিশ

জলমহালের ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ০২/১১/২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ নম্বর প্রজ্ঞাপনমূলে গত ১৪/০১/২০২৪ তারিখে উপজেলা জলমহাল কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ঝিনাইদহ সদর উপজেলাধীন ২০ একর পর্যন্ত নিম্নোক্ত জলমহালসমূহ বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত সময়ের জন্য শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায়/সংগঠনের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

জলমহালের তালিকা

ক্রমিক নং	জলমহালের নাম	জলমহালের আয়তন (একরে)	অনলাইনে ইজারার দরপত্র দাখিলের তারিখ	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত বার্ষিক সরকারী ইজারা মূল্য
০১	কুর্শি বিল	৫.৬০ একর	২৩/০১/২০২৪ থেকে ১৬/০২/২০২৪	১৭,৩২৫/-
০২	করাতিপাড়া বিল	৬.৪৮ একর		৯৪,৫০০/-
০৩	কলু পুকুর	১.০৯ একর		১২,৮১০/-
০৪	সাধুহাটি দোহা	০.৯১ একর		৭,৬৬৫/-
০৫	চাকলাপাড়া পুকুর (১)	১.০৯ একর		১০,৫০০/-
০৬	চাকলাপাড়া পুকুর (২)	০.৭৫৭৫ একর		১০,৫০০/-
০৭	নল বিল	৮.৫৩ একর		৩,৫০,০০০/-

শর্তসমূহ

১) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবেন;

২) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে নিবন্ধন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে;

৩) জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা, ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন, ১৪৩০ অফিস চলাকালীন পর্যন্ত;

৪) অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপণীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে দাখিলকারী আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপি সংগ্রহ করতে পারবেন;

৫) অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে;

৬) অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে;

৭) প্রতিটি আবেদনপত্রের প্রিন্টিং কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথেসমিতির রেজিস্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ০৩ (তিন) বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;

৮) ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ০১ লা বৈশাখ হতে বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে;

৯) ইজারার আবেদনপত্র অনুমোদন বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবেনা। বছরের যে কোন সময়ে দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ০১ লা বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩১ সনের ০১ লা বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে;

১০) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে বিভাগীয় কমিশনার মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারামূল্যসহ ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে;

CamScanner

১১) আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্চনীয়;
১২) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবেনা, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে;
১৩) ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। বিস্তারিত তথ্য উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর ওয়েব সাইট (www.sadar.jhenaidah.gov.bd) অথবা সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর কার্যালয় হতে জানা যাবে। উল্লেখ্য সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎসজীবী সংগঠন/সমিতিগুলোকে যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে;
১৪) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিসহ যে কোন আবেদন/দরপত্র গ্রহণ/দরপত্র/বাতিল অথবা সমুদয় আবেদন/দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন।

২৭/০১/২০২৪

(রাজিয়া আক্তার চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ফোন : ০২৪৭৭৭৪৭০০৬
ই-মেইল- .unojhenaidah@mopa.gov.bd

স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২৪- ১৫০(১০০)/১(৫০) তারিখঃ- ১৭/০১/২০২৪খ্রিঃ।

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৪, ঝিনাইদহ-২।
২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৬। মেয়র, ঝিনাইদহ পৌরসভা।

অনুলিপি : (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে)

১। উপজেলা কৃষি কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
২। উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৪। অফিসার ইনচার্জ, সদর থানা, ঝিনাইদহ।
৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৬। উপজেলা সমবায় কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
৮। চেয়ারম্যান---------------------------(সকল) ইউনিয়ন পরিষদ। সদর উপজেলা।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা------------------------(সকল) ইউনিয়ন ভূমি অফিস, ঝিনাইদহ সদর।
১০। সভাপতি/সম্পাদক মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ ঝিনাইদহ।
১১। সহকারী প্রোগ্রামার, ঝিনাইদহ সদর উপজেলা, ঝিনাইদহ। অত্র বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। সম্পাদক, দৈনিক নবচিত্র। তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তি ৩"x ১২" আগামী ১৮/০১/২০২৪ খ্রিঃ তারিখে প্রকাশিত পত্রিকার ভিতরের পাতায় মাত্র একদিন প্রকাশ পূর্বক ০৩ কপি সৌজন্য সংখ্যা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৩। নোটিশ বোর্ড।

17/01/24

শারমিন আক্তার সুমী
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ফোন : ০২৪৭৭৭৪৬০৬৫

CamScanner